Bengali

কর্মোপযোগী বয়সের লোকদের জন্য বাড়ী ভাড়া ও কাউন্সিল ট্যাক্স সহায়তা

(Help with rent and Council Tax for people of working age)

কর্মোপযোগী বয়সের লোকদের জন্য আমরা এই লিফলেট লিখেছি। এই লিফলেটে কর্মোপযোগী বয়সের লোক বলতে ৬০ বছরের কম বয়সী যে কোন লোক বুঝানো হয়েছে। এই বিধিবিধানগুলো পুরো দেশের জন্য প্রযোজ্য এবং আপনি যে এলাকায়ই বাস করেন না কেন সেগুলো একই। (আপনার বয়স যদি ৬০ বছরের বেশী হয় তাহলে অনুগ্রহ করে ‘‘হেল্প উইথ রেন্ট এ্যান্ড কাউন্সিল ট্যাক্স ফর পেনশনারস’’ লিফলেটটি পড়ুন) আপনার এলাকা কোন কাউন্সিলে পড়েছে তা না জানলে আপনার কাউন্সিল ট্যাক্স বিল থেকে জানতে পারবেন।

এপ্রিল ২০১০ তারিখে সংশোধিত

হাউজিং বেনিফিট (গৃহায়ন সুবিধা) কি?

বাড়ী ভাড়া পরিশোধ করা প্রায়শঃ কঠিন হতে পারে। স্বল্প আয়ের লোকেরা বাড়ী ভাড়া পরিশোধ করতে সহায়তা পেতে পারে। অনুগ্রহ করে এই লিফলেটের রেখাচিত্র দেখলে সম্ভাব্য সহায়তা প্রাপ্তির উদাহরণ পাবেন।

কাউন্সিল ট্যাক্স সহায়তা কি?

স্বল্প আয়ের লোকেরা তাদের কাউন্সিল ট্যাক্স বিল পরিশোধ করার জন্যও এই সহায়তা পেতে পারেন।

সেকেন্ড এডাল্ট রিবেট কি?

সেকেন্ড এডাল্ট রিবেট তাদের জন্য যারা কাউন্সিল ট্যাক্স বিল পরিশোধ করতে সহায়তা পাবে না, কিন্তু তাদের সাথে স্বল্প আয়ের লোকেরা একত্রে বসবাস করে। এটা পেতে হলে আপনাকে অবশ্যই এমন একজন ব্যক্তি হতে হবে যাকে তার বাড়ীর জন্য কাউন্সিল ট্যাক্স পরিশোধ করতে হয়।

অন্য কোনভাবে কি কাউন্সিল ট্যাক্স হ্রাস করা যেতে পারে?

হ্যাঁ। কাউন্সিল ট্যাক্স সহায়তা ও সেকেন্ড এডাল্ট রিবেটের মত কাউন্সিল ট্যাক্স বিল হ্রাস করা যেতে পারে নিম্নোক্তভাবেঃ

- কাউন্সিল ট্যাক্স ডিসকাউন্টস (ছাড়)
- কাউন্সিল ট্যাক্স রেয়াত
- অক্ষমতাযুক্ত লোকদের জন্য কাউন্সিল ট্যাক্স হ্রাসকরণ

কাউন্সিল ট্যাক্স ডিসকাউন্ট কি?

কোন বাড়ীতে যদি আপনি একাই সাবালক বসবাসকারী হয়ে থাকেন তাহলে আপনি ২৫% ডিসকাউন্ট পেতে পারেন। ডিসকাউন্ট প্রদানে বসবাসকারীদের সংখ্যা গণনায় ধরা হয় না। এর মধ্যে রয়েছেঃ

- সার্বক্ষণিক ছাত্র;
- 'মারাত্মকভাবে মানসিক ভারসাম্যহীন' ব্যক্তিগণ;
- সেবক;
- কিছু ১৯ ও ২০ বছর বয়সী, যারা শিশু সহায়তা পায়; এবং
- কারাগারে বন্দী ব্যক্তিরা।

কাউন্সিল ট্যাক্স রেয়াত কি?

যখন কোন বাড়ী খালি থাকে তখন কিছুকালের জন্য সেটা কাউন্সিল ট্যাক্স রেয়াত পেতে পারে। এর অর্থ ঐ বাড়ীর কাউন্সিল ট্যাক্স পরিশোধের জন্য কেউ দায়ী নয়। তা ছাড়া, কোন বাড়ীতে লোক থাকলেও রেয়াত পেতে পারেন, যেমন- সব বসবাসকারী যদি সার্বক্ষণিক ছাত্র হয়।

শারীরিকভাবে অক্ষম লোকদের জন্য কাউন্সিল ট্যাক্স হ্রাসকরণ কি?

যদি শারীরিকভাবে অক্ষম কোন ব্যক্তিকে ইনডোর হুইলচেয়ার ব্যবহার করতে হয় অথবা কোন আলাদা কক্ষ থাকে যা তাদের প্রয়োজনের জন্য অপরিহার্য, তারা হ্রাসকৃত হারের কাউন্সিল ট্যাক্স বিল পেতে পারে।

আমি কিভাবে কাউন্সিল ট্যাক্স ডিসকাউন্ট, রেয়াত বা হ্রাসকৃত হার দাবী করব?

আপনার কাউন্সিল ট্যাক্স বিলে এই হ্রাসকৃত হার দাবী করার জন্য আপনাকে একটা ফর্ম পূরণ করতে হবে। আপনি অনুগ্রহ করে আপনার স্থানীয় কাউন্সিল অফিসে যোগাযোগ করুন।

ইনকাম সাপোর্ট ও জবসিকার্স এলাউন্স কি?

স্বল্প আয় ও স্বাভাবিকভাবে কাজ করতে অসমর্থ লোকদের জন্য ডিপার্টমেন্ট অব ওয়ার্ক এ্যান্ড পেনশনস ইনকাম সাপোর্ট প্রদান করে কেউ যদি সপ্তাহে ১৬ ঘন্টার কম সময় কাজ করে বা খুবই কম আয় করে বা আদৌ করে না তারা এটা পেতে পারে (যদি তারা আরও কিছু শর্তের আওতায় থাকে)

জবসিকার্স এলাউন্স (জেএসএ) সে সকল লোক পায় যারা কর্মহীন এবং কাজের খোঁজে আছে। এটা নিম্নোক্ত যে কোনভাবে দেয়া যেতে পারেঃ

- আয়ভিত্তিক জেএসএ, যাকে বলা হয় জেএসএ (আইবি)- আপনার আয়ের বিষয়ে বিস্তারিত জানার আমাদের কোন দরকার নেই; অথবা
- চাঁদা-ভিত্তিক জেএসএ, যাকে বলা হয় জেএসএ (সিবি)- আপনার আয় এবং সঞ্চয়ের ব্যাপারে আমাদের জানার প্রয়োজন আছে

এমপ্লয়মেন্ট এন্ড সাপোর্ট এলাওয়েন্স কি?

এমপ্লয়মেন্ট এন্ড সাপোর্ট এলাওয়েন্স (ই এস এ) একটি নতুন বেনিফিট যা অসুস্থ বা অক্ষমদের ইনক্যাপাসিটি বেনিফিট ও ইনকাম সাপোর্টের স্থলাভিষিক্ত। এ বেনিফিট ২৭ অক্টোবর ২০০৮ এ চালু হয়েছে।

ই.এস.এ -র দুইটি অংশ

- ইনকাম রিলেটেড এমপ্লয়মেন্ট এন্ড সাপোর্ট এলাওয়েন্স।
- কনট্রিবিউটরী এম্পয়মেন্ট ও সাপোর্ট এলাওয়েন্স

যারা কাজ করতে অক্ষম বা অক্ষমতার জন্য ইতিমধ্যেই ইনক্যাপাসিটি বেনিফিট বা ইনকাম সাপোর্ট নিচ্ছেন তারা অবশেষে ই.এস.এ তে স্থনান্তরিত হওয়া পর্যন্ত এসব বেনিফিট পেতে থাকবেন (ডি.ডাব্লিউ.পি এ সিদ্ধান্ত নেবেন)

ট্যাক্স ক্রেডিট কি?

এইচএম রেভিনিউ এ্যান্ড কাস্টমস ট্যাক্স ক্রেডিট পরিশোধ করে এবং আপনার আয় বৃদ্ধিতেও এটা ব্যবহৃত হতে পারে। আপনার যদি শিশু সন্তান থাকে অথবা আপনি কর্মরত থাকেন ও আয় স্বল্প হয় (অথবা উভয়ই) তাহলে আপনি ট্যাক্স ক্রেডিট পেতে পারেন। আপনার বয়স যদি ৫০ এর বেশী হয় এবং কর্মরত থাকেন অথবা শারীরিকভাবে অক্ষম এবং কর্মরত হন তাহলে আপনি অতিরিক্ত ট্যাক্স ক্রেডিট পেতে পারেন। এইচএম রেভিনিউ এ্যান্ড কাস্টমস এর ওয়েবসাইট www.hmrc.gov.uk বা 0845 3003900 নাম্বারে টেলিফোন করে আপনি ট্যাক্স ক্রেডিট দাবী করতে পারেন। আপনি ট্যাক্স ক্রেডিট পেতে পারেন কি না তা জানতে আপনি এইচএম রেভিনিউ এ্যান্ড কাস্টমস ওয়েবসাইট এর অনলাইন ক্যালকুলেটর ব্যবহার করতে পারেন।

আমি এমপ্লয়মেন্ট ও সাপোর্ট এলাওয়েন্স (আয়ভিত্তিক) পেয়ে থাকলে হাউজিং বেনিফিট বা কাউন্সিল ট্যাক্স বেনিফিট (অথবা দুটিই) কিভাবে দাবী করব?

ডিপার্টমেন্ট অফ ওয়ার্ক এন্ড পেনশনস (DWP) এমপ্লয়মেন্ট এন্ড সাপোর্ট এলাওয়্যান্স, ইনকাম সাপোর্ট ও জবসীকার্স এলাওয়্যান্স দেয়, কিন্তু আমরা হাউজিং বেনিফিট ও কাউন্সিল ট্যাক্স বেনিফিট দেই।

আপনি যখন এমপ্লয়মেন্ট এন্ড সাপোর্ট এলাওয়্যান্স, ইনকাম সাপোর্ট ও জবসীকার্স এলাওয়্যান্স দাবী করবেন একই সময়ে আপনাকে হাউজিং বেনিফিট ও কাউন্সিল ট্যাক্স বেনিফিট ক্লেইম ফর্ম (HCTB1) দেয়া হবে। আপনাকে এ ফর্ম পূরণ করে DWP তে ফেরত পাঠাতে হবে, যারা তা আমাদের কাছে পাঠিয়ে দেবেন।

ডিপার্টমেন্ট অব ওয়ার্ক এ্যান্ড পেনশন (ডিডব্লিউপি) এর মাধ্যমে দাবী না করে থাকলে আপনাকে একটি আবেদন পত্র পূরণ করে আপনার স্থানীয় বা লোকাল কাউন্সিলে পাঠাতে হবে।

আপনার হাউজিং বেনিফিট এবং কাউন্সিল ট্যাক্স বেনিফিট দাবী ফরম পাঠানোর এক মাসের মধ্যে আপনি কোন কিছু জানতে না পারলে, অনুগ্রহ করে আপনার লোকাল কাউন্সিলের সাথে যোগাযোগ করতে পারেন।

আমি ইনকাম সাপোর্ট বা জবসিকার্স এলাওয়েন্স (আয়ভিত্তিক) গ্রহণকারী না হলে আমি কিভাবে গৃহায়ন সুবিধা বা কাউন্সিল ট্যাক্স সহায়তা (অথবা দুটিই) দাবী করব?

একটি দাবী ফরম পূরণ করে সরাসরি কাউন্সিল থেকে আপনি গৃহায়ন সুবিধা বা কাউন্সিল ট্যাক্স সহায়তা (অথবা দুটিই) দাবী করবেন। আপনার লোকাল কাউন্সিল থেকে ফরম চেয়ে নিন।

আপনি ফরম পূরণ করার পর, যত তাড়াতাড়ি সম্ভব আপনার লোকাল কাউন্সিলে এটা ফেরত পাঠাবেন। দেরী করলে কোন সুবিধা হয়ত আপনি পাবেন না।

সেকেন্ড এডাল্ট রিবেট আমি কিভাবে দাবী করব?

আপনার লোকাল কাউন্সিল থেকে সেকেন্ড এডাল্ট রিবেট দাবী করা হয়। আপনি ফরম পূরণ করার পর, যত তাড়াতাড়ি সম্ভব আপনার লোকাল কাউন্সিলে এটা ফেরত পাঠাবেন।

আমি কি পরিমাণ সেকেন্ড এডাল্ট রিবেট পাবো?

কোন ডিসকাউন্ট বাদ দেওয়ার আগে আপনি সাধারণভাবে সর্বোচ্চ সেকেন্ড এডাল্ট রিবেট পাবেন সম্পূর্ণ কাউন্সিল ট্যাক্সের ২৫%। তবে, বাড়ীতে যদি কোন ছাত্র থাকে তখন কোন কোন অবস্থায় আপনি ১০০% পর্যন্ত রিবেট পেতে পারেন। সেকেন্ড এডাল্ট বা এডাল্টদের সাপ্তাহিক মোট আয়ের উপর আপনার এই পরিমাণ নির্ভর করবে।

আমি কি কাউন্সিল ট্যাক্স সুবিধা ও সেকেন্ড এডাল্ট রিবেট পেতে পারি?

আপনি যখন একটি আবেদন পত্র পূরণ করবেন তখন আমরা হিসাব করে দেখব আপনি কাউন্সিল ট্যাক্স সুবিধা এবং/অথবা সেকেন্ড এডাল্ট রিবেট পেতে পারেন কি না এবং এর মধ্যে যেটা বেশী আপনি সেটা পাবেন।

আমার সুবিধার পরিমাণ নির্ধারণে আপনাদের কি কি তথ্য প্রয়োজন?

যখন আপনি গৃহায়ন সুবিধা কাউন্সিল ট্যাক্স সুবিধা দাবী করবেন তখন আমাদের জানতে হবেঃ

আমি এমপ্লয়মেন্ট ও সাপোর্ট এলাওয়েন্স (আয়ভিত্তিক) পেয়ে থাকলে হাউজিং বেনিফিট বা কাউন্সিল ট্যাক্স বেনিফিট (অথবা দুটিই) কিভাবে দাবী করব?

- আপনার আয় ও সঞ্চয়, যদিনা আপনি ইনকাম রিলেটেড এমপ্লয়মেন্ট এন্ড সাপোর্ট এলাওয়েন্স, ইনকাম সাপোর্ট বা আয়-ভিত্তিক চাকুরী প্রার্থী ভাতা প্রাপ্ত হন;
- আপনার পারিবারিক অবস্থা এবং সেই সাথে আপনার সাথে কারা বসবাস করে তার বর্ণনা; এবং
- আপনার বাড়ী ভাড়া, তবে আপনি যদি শুধুমাত্র গৃহায়ন সুবিধা দাবী করেন তাহলে।

আপনি যদি ইনকাম সাপোর্ট, জবসীকার্স এলাওয়েন্স, ইনক্যাপাসিটি বেনিফিট বা এমপ্লয়মেন্ট এনড সাপোর্ট এলাওয়েন্স প্রাপ্ত না থাকেন তাহলে আপনাকে আপনার এবং আপনার পার্টনারের ন্যাশনাল ইন্স্যুরেন্স নাম্বার এবং

পরিচিতির প্রমাণ (আপনি কে, তার প্রমাণ, যেমন, পাসপোর্ট, বার্থ সার্টিফিকেট বা ড্রাইভিং লাইসেন্স) উপস্থাপন করতে হবে।

আয় কি?

আপনি যদি ইনকাম রিলেটেড এম্প্লয়মেন্ট এন্ড সাপোর্ট এলাওয়েন্স, ইনকাম সাপোর্ট বা আয়-ভিত্তিক চাকুরী প্রার্থী ভাতা পেয়ে থাকেন, তাহলে আপনার আয় সম্পর্কিত কোন বিবরণ বা প্রমাণ আমাদের প্রয়োজন হবে না। অন্য সব কিছুর জন্য, আপনার এবং আপনার পার্টনারের কোন আয়ের ব্যাপারে আমাদের জানতে হবে। আপনি যখন দাবী করবেন তখন আপনাকে আপনার সকল আয়ের প্রমাণ দিতে হবে।

আয়ের প্রকার নিম্নরূপ:

- চাকরি থেকে আয়, মজুরি বা বেতন। আপনার শেষ পাঁচ সপ্তাহের পে-স্লিপ অথবা দুইটি মাসিক পে-স্লিপ আমাদের দেখার প্রয়োজন হবে। আপনি যদি পে-স্লিপ না পেয়ে থাকেন তাহলে দুর্ভাবনার কিছু নেই- আপনার লোকাল কাউন্সিল থেকে ফরম নিয়ে আপনার এমপ্লয়ারকে (চাকুরীদাতা) পূরণ করার জন্য বলতে পারেন।
- আপনার বা আপনার পার্টনারের সাবেক এমপ্লয়ার থেকে প্রাপ্ত কোন পেনশন।
- এনিউটিজ (বৃত্তিসমূহ)। এটা একটা আয় যা আপনি ইনস্যুরেন্স কোম্পানিতে থোক বিনিয়োগ হতে পেয়ে থাকেন।
- লজার্স বা সাব-টেনান্ট (উপ-ভাড়াটে) কর্তৃক আপনাকে পরিশোধ করা বাড়ী ভাড়া।

আপনি যে সব আয় প্রাপ্ত হন সেগুলো সম্পর্কে দাবী ফর্মে প্রশ্ন আছে। আমরা যখন আপনার সুবিধা নির্ধারণ করব তখন ট্যাক্স, ন্যাশনাল ইনস্যুরেন্স এবং আপনার পেনশন কন্ট্রিবিউশনের অর্ধেক বাদ দিয়ে আপনার মোট আয় ব্যবহার করব।

সেকেন্ড এডাল্ট রিবেট (ছাড়) - এর জন্য, আপনার সেকেন্ড এডাল্ট (প্রাপ্তবয়স্ক) বা এডাল্টদের সাপ্তাহিক ‘মোট আয়’ আমাদের জানতে হবে- তার মানে ট্যাক্স ও ন্যাশনাল ইনস্যুরেন্স কর্তনের আগে তাদের মজুরি যা সেটা।

সঞ্চয় কি?

আপনি যদি ইনকাম রিলেটেড এম্প্লয়মেন্ট এন্ড সাপোর্ট এলাওয়েন্স, ইনকাম সাপোর্ট বা আয়-ভিত্তিক চাকুরী প্রার্থী ভাতা না পান, তাহলে আপনার অথবা আপনার পার্টনারের সঞ্চয় সম্পর্কে আমাদের জানতে হবে। আপনি যখন দাবী করবেন তখন আপনার সব ধরনের সঞ্চয়ের প্রমাণ আপনাকে দিতে হবে।

এর মধ্যে রয়েছেঃ

- ব্যাংক একাউন্ট (সব রকমের), বিল্ডিং সোসাইটি একাউন্ট ও পোস্ট অফিস সেভিংস;
- পিইপি, টিইএসএসএ এবং আইএসএ সমূহ;
- স্টক, শেয়ার ও ইউনিট ট্রাস্ট সমূহ;
- ন্যাশনাল সেভিংস সার্টিফিকেট সমূহ;
- নগদ;
- আপনার মালিকানাধীন বাড়ী বা জমি (তবে আপনার বসতবাড়ী নয়)

সাধারণভাবে আপনার সঞ্চয়ের পরিমাণ যদি ১৬,০০০ পাউন্ডের বেশী হয় তাহলে আপনি গৃহায়ন সুবিধা বা কাউন্সিল ট্যাক্স সুবিধা পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন না। তবে এর জন্য আপনার সেকেন্ড এডাল্ট রিবেট দাবী বন্ধ হবে না।

আপনি এবং আপনার পার্টনারের বয়স যদি ৬০ বছরের কম হয় তাহলে ৬,০০০ পাউন্ড পর্যন্ত আমরা আপনার কোন সঞ্চয় বা বিনিয়োগ (অথবা দুটিই) বাদ দেব। যদি আপনার ৬,০০০ পাউন্ডের বেশী থাকে তাহলে ৬,০০০ পাউন্ডের

উপরের প্রতি ২৫০ পাউন্ড বা ২৫০ পাউন্ডের কোন অংশের জন্য আপনার প্রতি সপ্তাহের আয়ে ১ পাউন্ড করে যোগ করব। সুতরাং, আপনার যদি ৬,৬০০ পাউন্ড থাকে তাহলে আমরা এক সপ্তাহে অতিরিক্ত ৩ পাউন্ড আয় হিসাব করব।

আপনি যদি সেকেন্ড এডাল্ট রিবেট দাবী করেন তাহলে আপনার সেকেন্ড এডাল্ট বা এডাল্টদের সঞ্চয়ের সুদের পরিমাণ আমাদের জানতে হবে।

আপনার সাথে আরও যারা থাকেন তাদের ব্যাপারে কি হবে?

আপনার সুবিধা নির্ধারণ করার জন্য, আপনার সাথে আরও কারা বাস করে তা আমাদের জানতে হবে। এ বিষয়ে আরো বিস্তারিত জানতে পারবেন ‘‘আমি কি পরিমাণ গৃহায়ন সুবিধা ও কাউন্সিল ট্যাক্স সুবিধা পাবো?’’ এই অধ্যায় পড়ে।

আপনার যদি কোন শিশুসন্তান থাকে যার জন্য আপনি কোন বেনিফিট পান না, অথবা আপনার সাথে আরও কোন সাবালক বাস করে, তাহলে আপনি গৃহায়ন সুবিধা ও কাউন্সিল ট্যাক্স সুবিধা (বা উভয়ই) কম পেতে পারেন। আমরা এটা নিশ্চিত ধরে নিচ্ছি যে তারা আপনার বাড়ী ভাড়া ও কাউন্সিল ট্যাক্স পরিশোধে অংশগ্রহণ করে, যদিও তারা সেটা নাও করতে পারে ‘আমার সাথে বসবাসকারী লোক থাকলে আমি কি কম সুবিধা পাবো?’ এই অধ্যায় পড়ে আরো বিস্তারিত জানা যাবে।

আমার যদি একজন পার্টনার থাকে, তাহলে কি আমাদের উভয়কেই দাবী ফরম পূরণ করতে হবে?

না, আপনি একটি মাত্র ফরম পূরণ করবেন, তবে দুজনকেই স্বাক্ষর করতে হবে।

যদি আমার পার্টনার কাজ করে এবং আমি না করি, তাহলে আমার জন্য দাবী করতে পারব?

না। আপনি যখন সুবিধা দাবী করবেন, তখন আপনার পার্টনার সম্পর্কে আমাদের জানতে হবে। আপনাদের যৌথ আয় ব্যবহার করে আমরা আপনার সুবিধা নির্ধারণ করব।

আমার বাড়ী ভাড়ার কতটা অংশ গৃহায়ন সুবিধায় আমি পাবো?

আপনার বাড়ী ভাড়ার সাথে যদি সেবা খাত থাকে, তাহলে আপনার গৃহায়ন সুবিধা নির্ধারণের আগে আপনার বাড়ী ভাড়া থেকে এই খরচ আমাদের বাদ দেওয়ার প্রয়োজন হতে পারে।

আমরা আরও পরীক্ষা করব আপনার বাড়ী ভাড়া খুব বেশী কি না। যদি খুব বেশী হয়, তাহলে আপনার সুবিধার পরিমাণ, কম পরিমাণ ভাড়ার উপর নির্ধারণ করব। কোন কোন ক্ষেত্রে, আমরা ভাড়া অবশ্যই কমিয়ে দেব যদি আপনার বাড়ী আপনার ও আপনার পরিবারের জন্য খুব বেশী বড় হয়।

ভাড়ার যে পরিমাণ আমরা স্থির করব (সেবা খরচ বাদ দিয়ে) সেটাকে বলা হয় ‘এলিজিবল রেন্ট (উপযুক্ত ভাড়া)’।

আমার বাড়ী ভাড়া খুব বেশী কি না সেটা আপনারা কিভাবে নির্ধারণ করবেন?

আপনি যে পরিমাণ হাউজিং বেনিফিট পেতে পারেন রেন্ট সার্ভিস তার উপর একটি সীমা নির্ধারণ করে দেয়। আপনাকে কত ভাড়া পরিশোধ করতে হবে এটা তার উপর নির্ভর করে না। সর্বোচ্চ পরিমাণ হাউজিং বেনিফিট যা আপনি পেতে পারেন তা আপনি যে এলাকায় বাস করেন সে এলাকার আপনার পরিবারের আকারের প্রত্যেক পরিবারের জন্য সমান, তা আপনি বা অন্যদের দেয় ভাড়া যাই হোক না কেনো।

রেন্ট সার্ভিস আমাদের থেকে স্বাধীন।

২৫ বছরের কম বয়সীদের জন্য বিশেষ বিধিঃ

যদি আপনি একা হন ও বয়স ২৫ বছরের কম হয় তাহলে একটি শেয়ার্ড আবাসনের একটি বেডরুমের সাধারণ ভাড়ার অংক ব্যবহার করে আমরা সাধারণতঃ আপনার সুবিধা নির্ধারণ করব। আপনি যদি ইতিমধ্যেই একটির বেশী ঘরের ভাড়া দিতে থাকেন তাহলে অনুগ্রহ করে আমদের সাথে যোগাযোগ করুন।

নতুন বাসস্থানে যাওয়ার আগে গৃহায়ন সুবিধা হিসাবের উদ্দেশ্যে কি পরিমাণ বাড়ী ভাড়া ব্যবহৃত হবে তা আমি হিসাব করতে পারব?

হ্যাঁ। আমরা আপনার যতগুলি রুমের প্রয়োজন ততগুলি রুমের জন্য আপনি যে এলাকায় থাকেন সে এলাকার লোকাল হাউজিং এলাওয়েন্স (এল এইচ এ) রেইরেট উপর ভিত্তি করে আপনার হাউজিং বেনিফিট স্থির করবো । রেন্ট সার্ভিস প্রতি মাসে নতুন এল এইচ এ রেট প্রকাশ করবে। আরো তথ্যের জন্য 'এ গাইড টু লোকাল হাউজিং এলাওয়েন্স' পুস্তিকাটি দেখুন।

যে সব ভাড়াটেদেরকে লোকাল হাউজিং এলাওয়েন্স প্রভাবিত করবে **না**, সেগুলোর বেলায় আপনার হাউজিং বেনিফিট নির্ণয় করতে ভাড়ার কতটুকু আমরা ব্যবহার করবো তা আপনি ভাড়া নেবার **আগেই** জানতে পারবেন। আপনি একটি প্রি টেনান্সী ডিটারমিনেশন (পি টি ডি) ফরম পূরণ করে তা করতে পারেন, যা আমাদের কাছে পাবেন। আপনার কাউন্সিল ট্যাক্স বিলে বা আপনার স্থানীয় ফোন বুকে আমাদের সাথে যোগাযোগের বিস্তারিত তথ্য পাবেন।

প্রি টেনান্সী ডিটারমিনেশন এর অর্থ এই নয় যে আপনি হাউজিং বেনিফিট পাবেন। আপনাকে তবুও একটি ক্লেইম ফরম পূরণ করতে হবে এবং আমাদেরকে প্রয়োজনীয় প্রমাণ দেখাতে হবে।

কোন কোন চার্জ গৃহায়ন সুবিধার আওতায় আসে না?

- **গ্যাস ও বিদ্যুৎ চার্জ সমূহ**

হিটিং, লাইটিং, হট ওয়াটার, বা রান্নার খরচ গৃহায়ন সুবিধার আওতায় আসে না। এগুলো যদি আপনার বাড়ী ভাড়ার সাথে যোগ থাকে তাহলে আপনার গৃহায়ন সুবিধা নির্ধারণের আগে প্রতিটি সার্ভিসের জন্য কত পরিমাণ বাদ যাবে সেটা রেন্ট সার্ভিস আমাদেরকে জানাবে।

- **পানির খরচ**

আপনার বাড়ী ভাড়া থেকে পানি সম্পর্কিত যে কোন খরচ বাদ যাবে।

- **সেবাসমূহ**

কিছু কিছু সার্ভিস আছে যেগুলি গৃহায়ন সুবিধার আওতায় আসবে না। এর মধ্যে রয়েছে খাবার ও লন্ড্রি খরচ। এসব খরচ আপনার বাড়ী ভাড়া থেকে বাদ যাবে।

কি কি সার্ভিস গৃহায়ন সুবিধার আওতায় আসতে পারে?

আপনার টেনান্সি এগ্রিমেন্ট অনুসারে আপনাকে দিতে হবে এরকম কিছু কিছু চার্জ আপনার ভাড়ার মধ্যে অন্তর্ভূক্ত করা যেতে পারে। এই চার্জগুলি হচ্ছেঃ

- যৌথ এলাকা সংরক্ষণ কাজ; এবং
- সিঁড়ি ও ল্যান্ডিং এর মত যৌথ স্হানগুলি পরিচ্ছন্ন ও আলোকিত রাখা।

আমার বাড়ী ভাড়ার মধ্যে যদি আমি কাউন্সিল ট্যাক্স পরিশোধ করে থাকি?

আপনার বাড়ী ভাড়ার মধ্যে যদি কাউন্সিল ট্যাক্স অন্তর্ভুক্ত থাকে, তখন আপনার গৃহায়ন সুবিধা নির্ধারণে এটাকে বাড়ী ভাড়ার একটা অংশ বলে আমরা বিবেচনা করব।

কি পরিমাণ গৃহায়ন সুবিধা ও কাউন্সিল ট্যাক্স সুবিধা আমি পাবো?

আপনি যদি ইনকাম রিলেটেড এম্প্লয়মেন্ট এন্ড সাপোর্ট এলাওয়েন্স, ইনকাম সাপোর্ট বা আয়-ভিত্তিক চাকুরী প্রার্থী ভাতা পান, তাহলে আপনি সাধারণভাবে সর্বোচ্চ সুবিধা পাবেন। অর্থাৎ এটা আপনার সর্বোচ্চ রেন্ট এর পরিমাণ এর সবটুকু এবং কাউন্সিল ট্যাক্সের সবটুকু যার মধ্য থেকে নন-ডিপেন্ডেন্ট চার্জগুলো বাদ যাবে ('আমার সাথে অন্য লোক থাকলে আমি কি কম সুবিধা পাবো?' দেখুন)

আপনি যদি ইনকাম রিলেটেড এম্প্লয়মেন্ট এন্ড সাপোর্ট এলাওয়েন্স, ইনকাম সাপোর্ট বা আয়-ভিত্তিক চাকুরী প্রার্থী ভাতা না পান, তাহলে সুবিধার পরিমাণ নির্ভর করবে আপনার সংসারের আকার (আপনি, আপনার পার্টনার এবং কোন শিশু) ও আপনার আয়ের উপর। যদি আপনি, বা আপনার পরিবার কেউ শারীরিকভাবে অক্ষম হয়, তাহলে আপনি বেশী সুবিধা পেতে পারেন।

আপনার বাড়ীর লোকজনের পরিমাণ আপনার দাবীর 'প্রযোজ্য পরিমাণ' এর উপর প্রভাব ফেলবে। প্রযোজ্য পরিমাণ বলতে বুঝায়, সর্বনিম্ন পরিমাণ অর্থ, যা সরকার আপনার বেঁচে থাকার জন্য প্রয়োজন মনে করে।

প্রযোজ্য পরিমাণ অর্থের কিছু উদাহরণ দেয়া হল।

- **আপনি যদি একা হন**
  - বয়স ২৫ এর কম £৫১.৮৫ পাউন্ড
  - কমপক্ষে ২৫ £৬৫.৪৫ পাউন্ড
- **আপনি যদি সিংগেল প্যারেন্ট হন**
  - বয়স ১৮ এর কম £৫১.৮৫ পাউন্ড
  - কমপক্ষে ১৮ £৬৫.৪৫ পাউন্ড
- **আপনারা যদি একটি দম্পতি হন**
  - বয়স ১৮ এর কম £৭৮.৩০ পাউন্ড
  - একজন বা উভয়ই কমপক্ষে ১৮ £১০২.৭৫ পাউন্ড
- **যদি আপনার একটি বাচ্চা থাকে এবং আপনি তার জন্য চাইল্ড বেনিফিট পান, প্রতিটি বাচ্চার জন্য নীচেরগুলো যোগ করুন।**
  - বয়স ২০ এর কম £৫৭.৫৭ পাউন্ড
- **এর বেশী হলে নিচের একটি যোগ করুন**
  - একটি পরিবার বা সিংগেল প্যারেন্ট এর জন্য £১৭.৪০ পাউন্ড
  - একটি পরিবার বা সিংগেল প্যারেন্ট এবং ১ বছরের কম বয়সী একটি শিশু আছে £ ২৭.৯০ পাউন্ড

অর্থের পরিমাণ বেশী হতে পারে যদিঃ

- আপনি আপনার পার্টনার অক্ষমতাযুক্ত হন;
- আপনি কোন অক্ষমতাযুক্ত বন্ধু বা আত্মীয়ের দেখাশুনা করেন; বা
- আপনার এক বছরের কম বযসী শিশু সন্তান থাকে।

উদাহরণ

- আপনি ২৩ বছর বয়সী অবিবাহিত ব্যক্তি এবং একা থাকেন
  আপনার ভাতা হবে £৫১.৮৫ পাউন্ড
- আপনারা দম্পতি- আপনাদের একজনের বয়স ১৬ একজন ১৯
  আপনার ভাতা হবে £১০২.৭৫ পাউন্ড
- আপনারা দম্পতি এবং এক বছরের বেশী একটা সন্তান আছে।
  আপনার ভাতা হবে নিম্নোক্তঃ

১৮ বছরের বেশী বয়সী দম্পতি	£১০২.৭৫ পাউন্ড
২০ বছরের কম বয়সী শিশু	£৫৭.৫৭ পাউন্ড
পরিবার (১ বছরের কম বয়সী শিশু নাই)	£১৭.৪০ পাউন্ড
মোট ভাতা	**£১৭৭.৭২** পাউন্ড

আমরা এভাবে সুবিধা নির্ধারণ করি।

- আপনার নেট সাপ্তাহিক আয় (আপনার ট্যাক্স ও ন্যাশনাল ইনস্যুরেন্সের পর) যদি আপনার প্রযোজ্য আয়ের চেয়ে বেশী না হয়, তাহলে আপনি সর্বোচ্চ সুবিধা পাবেন। এটা হবে ডিসকাউন্ট/রেয়াতের পর আপনার সর্বোচ্চ রেন্টের পরিমাণ ও সকল কাউন্সিল ট্যাক্সের পরিমাণ।
- আপনার নেট সাপ্তাহিক আয় যদি আপনার প্রযোজ্য আয়ের চেয়ে বেশী হয়, আপনি তাহলে আপনার আয়ের পরিমাণ কতটা বেশী তার উপর হিসাব করে আপনি কম সুবিধা পাবেন।
- গৃহায়ন সুবিধা ও কাউন্সিল ট্যাক্সের যে সর্বোচ্চ পরিমাণ আপনি পাওয়ার যোগ্য সেটা কম হতে পারে যদি আপনার বাড়ীতে অন্য কোন সাবালক বসবাস করেন।

প্রতি সপ্তাহে যে সুবিধা আপনি পেতে পারেন

কি পরিমাণ আর্থিক সুবিধা আপনি পেতে পারেন তার নির্দেশনা আপনি পরবর্তী পাতায় প্রদত্ত চার্ট দেখলে বুঝতে পারবেন। আপনি যদি নিশ্চিত না হতে পারেন যে কোন সুবিধা আপনি পেতে পারেন কি না, তাহলে আপনার লোকাল কাউন্সিলে যোগাযোগ করুন বা দাবী পেশ করুন। চার্টে যদি আপনার অবস্থা মোতাবেক তথ্য না থাকে তাহলে অনুগ্রহ করে, আপনার লোকাল কাউন্সিলের সাথে যোগাযোগ করুন। নিচে প্রদত্ত নোট, চার্টগুলো বুঝতে আপনার সহায়ক হবে। আপনি নিশ্চিত হয়ে আপনার বয়সের জন্য প্রযোজ্য সঠিক চার্টটি ব্যবহার করুন।

১. চার্টের পাশে নিচের দিকে আপনার আয়ের মাত্রা দেখুন। ট্যাক্স ও ন্যাশনাল ইনস্যুরেন্স বাদ দেওয়ার পর যে আয় আপনি পাবেন সেটা আপনার সাপ্তাহিক আয়। আয়ের অংকে সব উৎস থেকে আয় ধরা আছে, যেমনঃ বেতন, মেনটেনান্স এর অর্থ পরিশোধ, সুবিধা ও সঞ্চয়। আপনার সুবিধা কার্যকর হওয়ার আগে আপনি কিছু পরিমাণ অর্থ আয় করতে পারেন। আপনি যে পরিমাণ অর্থ আয় করবেন সেটাকে বলা হবে 'ডিসরিগার্ড' (ধরা হবে না)। আপনার সুবিধা কার্যকর হওয়ার আগে আপনি কতটা অর্থ আয় করতে পারবেন তার উদাহরণ নিচে দেয়া হল।

- আপনি যদি একা হন তাহলে আপনার বেতনের প্রথম ৫ পাউন্ড ডিসরিগার্ডেড হবে।
- অপনারা যদি দম্পত্তি হন তাহলে আপনার বেতনের প্রথম ১০ পাউন্ড ডিসরিগার্ডেড হবে।
- আপনি কোন শিশুর দায়িত্বে থাকলে এবং তাদের দেখাশোনা করার জন্য আপনি চাইল্ড বেনিফিট গ্রহণ করলে, আমরা এ বেনিফিটের সম্পূর্ণ পরিমাণ হিসাবে ধরিনা।
- আপনি যদি ডিসএবিলিটি লিভিং এলাউন্স (অক্ষমতাজনিত জীবিকা ভাতা) পান বা এটেন্ড্যান্স এলাউন্স (ভাতা) পান তাহলে এই সুবিধার সবটুকুই বাদ যাবে।
- আপনি যদি পরিবারের জন্য ভাতা পান এবং সপ্তাহে ৩০ ঘন্টার বেশী কাজ করেন (এবং কোন কোন অবস্থায় ১৬ ঘন্টার বেশী কাজ করেন), তাহলে £১৭.১০ পাউন্ড ডিসরিগার্ডেড হবে।
- ১১ বছরের কমবয়সী শিশুর জন্য আপনি যদি চাইল্ডকেয়ার পরিশোধ করেন তাহলে আপনার আয় থেকে ১৭৫ পাউন্ড পর্যন্ত ডিসরেগার্ডেড হতে পারে। দুই বা তার বেশী সংখ্যক শিশুর জন্য ৩০০ পাউন্ড পর্যন্ত এটা বাড়তে পারে।
- আপনার দায়িত্বের অধীন কোন শিশুর জন্য যদি আপনি মেনটেনান্স পান তাহলে আপনার আয়ের সবটুকু ডিসরিগার্ডেড হবে।

আপনার ক্ষেত্রে 'ডিসরিগার্ড' প্রযোজ্য কিনা সেটা যদি আপনি না জানেন তাহলে, পরামর্শের জন্য অনুগ্রহ করে লোকাল কাউন্সিলের সাথে যোগাযোগ করুন।

২. চার্টের নীচের অংশ দেখে আপনার বাড়ী ভাড়া বা কাউন্সিল ট্যাক্সের মাত্রা দেখুন। আপনি যদি প্রাইভেট ল্যান্ডলর্ডকে বাড়ী ভাড়া পরিশোধ করেন তাহলে ল্যান্ডলর্ড যে পরিমাণ অর্থ চার্জ করে ('আমার হাউজিং বেনিফিট কি পরিমাণ ভাড়া কভার করবে' দেখুন) গৃহায়ন সুবিধার মাত্রা তার চেয়ে কম মাত্রায় নির্ধারিত হতে পারে। এ বিষয়ে আরও জানার জন্য অনুগ্রহ করে লোকাল কাউন্সিলের সাথে যোগাযোগ করুন।

৩. চার্টের মধ্যবর্তী উপরের ও নিচের অংশ পড়ুন।

৪. গৃহায়ন সুবিধা চার্টের শেডেড এরিয়ার মধ্যে যদি আপনি পড়েন, আপনি গৃহায়ন সুবিধা পেতে পারেন। আপনি যদি কাউন্সিল ট্যাক্স বেনিফিট চার্টের শেডেড এরিয়ার মধ্যে পড়েন, আপনি কাউন্সিল ট্যাক্স সুবিধা পেতে পারেন। আপনি যদি শেডেড এরিয়ার বাইরে পড়েন, তাহলে আপনার সুবিধা পাওয়ার সম্ভাবনা কম, তবে আপনার সুবিধা পাওয়ার সম্ভাবনা বেশী যদি আপনি বা আপনার পার্টনার অক্ষমতাযুক্ত হন এবং তখন সেটা দাবী করতে হবে।







Council Tax Benefit chart for single people aged 25 and over



Housing Benefit chart for single parent over 18 with one child under 20

Council Tax Benefit chart for single parent over 18 with one child under 20



Housing Benefit chart for couples aged 18 and over with one child under 20





আমার সাথে অন্য লোক থাকলে আমি কি কম সুবিধা পাব?

আমরা আপনার গৃহায়ন সুবিধা ও কাউন্সিল ট্যাক্স সুবিধা কম করে দেব যদি আপনার বয়স্ক শিশু থাকে, যার জন্য আপনি চাইল্ড বেনিফিট পান না, অথবা অন্য কোন সাবালক যে বাড়ী ভাড়া দেয় না কিন্তু আপনার সাথে থাকে। এই লোকেরা নন-ডিপেন্ডেন্ট বলে চিহ্নিত।

আপনার হাউজিং বেনিফিট (গৃহায়ন সুবিধা) ও কাউন্সিল ট্যাক্স বেনিফিট (সুবিধা) আমরা সাধারণভাবে একটা নির্ধারিত অংক বাদ দেব। নন-ডিপেন্ডেন্ট কি পরিশোধ করে তার উপর এই কর্তন নির্ভর করে না, এমনকি তারা যদি কিছুই পরিশোধ না করে থাকে তবুও।

তবে, কোন কোন ক্ষেত্র আছে যেখানে আমরা আপনার বেনিফিট থেকে কোন অংক কেটে রাখবোনা। এর অন্তর্গত:

- এটেন্ডেন্স এলাওয়েন্স গ্রহণ করলে।
- ডিসেবিলিটি লিভিং এলাওয়েন্স গ্রহণ করলে; বা
- অন্ধ হিসেবে রেজিষ্টার্ড থাকলে

এপ্রিল ২০১০ থেকে গৃহায়ন সুবিধার সাপ্তাহিক ডিপেন্ডেন্ট ডিডাকশন (কর্তন) নিম্নরূপঃ

এই চার্জ করা হয় যদি নন-ডিপেন্ডেন্টরা প্রতি সপ্তাহে ১৬ ঘন্টা বা তার বেশী সময় কাজ করে, এবং এটা তাদের মোট আয়ের উপর ভিত্তি করে স্থির করা হয় (অর্থাৎ ট্যাক্স ও ন্যাশনাল ইনস্যুরেন্স এর আগে)

নন-ডিপেন্ডেন্ট মোট সাপ্তাহিক আয়	**কর্তন**
• £১২০ পাউন্ডের কম	৭.৪০ পাউন্ড
• £১২০ থেকে £১৭৭.৯৯ পাউন্ড	১৭.০০ পাউন্ড
• £১৭৮ থেকে £২৩০.৯৯ পাউন্ড	২৩.৩৫ পাউন্ড
• £২৩১ থেকে £৩০৫.৯৯ পাউন্ড	৩৮.২০ পাউন্ড
• £৩০৬ থেকে £৩৮১.৯৯ পাউন্ড	৪৩.৫০ পাউন্ড
• £৩৮২ পাউন্ড বা তার বেশী	৪৭.৭৫ পাউন্ড

যদি অ-নির্ভরশীল ব্যক্তির বয়স ২৫ বছরের বেশী হয় এবং তিনি ইনকাম রিলেটেড এম্প্লয়মেন্ট এন্ড সাপোর্ট এলাওয়েন্স, ইনকাম সাপোর্ট, আয়-ভিত্তিক চাকুরী প্রার্থী ভাতা বা পেনশন ক্রেডিট পান অথবা ১৮ বছরের বেশী এবং কাজ করেন না, আমরা £ ৭.৪০ পাউন্ড কেটে নেবো।

যদি অ-নির্ভরশীল ব্যক্তির বয়স ২৫ বছরের কম হয় এবং তিনি ইনকাম রিলেটেড এম্প্লয়মেন্ট এন্ড সাপোর্ট এলাওয়েন্স, ইনকাম সাপোর্ট, আয়-ভিত্তিক চাকুরী প্রার্থী ভাতা বা পেনশন ক্রেডিট পান অথবা ১৮ বছরের কম হয় এবং ফুলটাইম ছাত্র হন তাহলে আমরা আপনার বেনিফিট থেকে কিছু কেটে নেবোনা।

এপ্রিল ২০১০ থেকে কাউন্সিল ট্যাক্স সুবিধার সাপ্তাহিক নন-ডিপেনডেন্ট ডিডাকশন নিম্নরূপঃ

এই চার্জ করা হয় যদি নন-ডিপেন্ডেন্টরা প্রতি সপ্তাহে ১৬ ঘন্টা বা তার বেশী সময় কাজ করে, এবং এটা তাদের মোট আয়ের উপর ভিত্তি করে স্থির করা হয় (অর্থাৎ ট্যাক্স ও ন্যাশনাল ইনস্যুরেন্স এর আগে)

নন-ডিপেনডেন্ট মোট সাপ্তাহিক আয়	**কর্তন**
• £১৭২ পাউন্ডের কম	২.৩০ পাউন্ড
• £১৭২ থেকে £২৯৫.৯৯ পাউন্ড	৪.৬০ পাউন্ড
• £২৯৬ থেকে £৩৬৮.৯৯ পাউন্ড	৫.৮০ পাউন্ড
• £৩৬৯ পাউন্ড বা তার বেশী	৬.৯৫ পাউন্ড
• ১৮ বছর বা তার বেশী বয়সের ব্যক্তিরা	২.৩০ পাউন্ড

পেনশন ক্রেডিট, ইনকাম সাপোর্ট বা আয়ভিত্তিক জবসিকার্স এলাওয়েন্স যারা গ্রহণ করেন কিছু পাবে না।

আমি ছাত্র হলে কি হবে?

অধিকাংশ ছাত্র গৃহায়ন সুবিধা, বা কাউন্সিল ট্যাক্স সুবিধা (বা দুটিই) পাওয়ার উপযুক্ত বলে বিবেচিত হবে না, তবে কিছু ছাত্র গৃহায়ন সুবিধা পেতে পারে যদি তারাঃ

- সিংগেল প্যারেন্ট হয়;
- দম্পতি হয় ও তাদের নির্ভরশীল শিশু থাকে
- শারীরিকভাবে অক্ষম, অথবা
- ইনকাম-রিলেটেড এমপ্লয়মেন্ট এন্ড সাপোর্ট এলাওয়্যান্স, ইনকাম সাপোর্ট বা ইনকাম-বেইসড জবসীকার্স এলাওয়্যান্স পেয়ে থাকে।

আপনি যদি ছাত্র হন এবং জানতে চান যে আপনি কোন সুবিধা পাবেন কিনা তাহলে আমাদের ওয়েব সাইট www.benefit-leaflets.org এ দেয়া **‘এ গাইড টু হাউজিং বেনিফিট এন্ড কাউন্সিল ট্যাক্স বেনিফিট ফর স্টুডেন্টস’** লিফলেটে অথবা আপনার স্থানীয় কাউন্সিল অফিসে পরামর্শের জন্য যোগাযোগ করুন।

আমি যদি সম্প্রতি দেশে প্রবেশ করে থাকি অথবা আমার পাসপোর্ট ভিসা প্রতিবন্ধকতা থাকে তাহলে কি হবে?

যদি আপনি অথবা আপনার পার্টনার বিদেশে বসবাস করে সম্প্রতি এই দেশে প্রবেশ করে থাকেন, অথবা আপনার পাসপোর্ট এন্ট্রি (প্রবেশে) প্রতিবন্ধকতা থাকে তাহলে আপনি গৃহায়ন সুবিধা অথবা কাউন্সিল ট্যাক্স সুবিধা পাওয়ার যোগ্য নাও হতে পারেন। আপনি যখন দাবি করবেন তখন আমরা এ বিষয়ে পরামর্শ দিব।

আমার সুবিধা আমাকে কিভাবে পরিশোধ করা হবে?

কাউন্সিল ট্যাক্স

আপনার কাউন্সিল ট্যাক্স বিল থেকে কাউন্সিল ট্যাক্স সুবিধা কেটে নেয়া হবে।

সেকেন্ড এডাল্ট রিবেট

আপনার কাউন্সিল ট্যাক্স বিল থেকে সেকেন্ড এডাল্ট রিবেট কেটে নেওয়া হবে।

গৃহায়ন সুবিধা

আপনি যদি কাউন্সিল ভাড়াটে হন, তাহলে আমরা বাড়ী ভাড়ার একাউন্টে সুবিধা পরিশোধ করব। যদি আপনি প্রাইভেট ভাড়াটে হন, তাহলে আমরা সুবিধার অর্থ আপনার ব্যাংক একাউন্টে পরিশোধ করব।

কখন থেকে আমার সুবিধা প্রাপ্তি শুরু হবে?

আপনি দাবি (হয় আপনার লোকাল কাউন্সিলে অথবা ডিপার্টমেন্ট ফর ওয়ার্ক এন্ড পেনশনস (ইনকাম রিলেটেড এম্প্লয়মেন্ট এন্ড সাপোর্ট এলাওয়েন্স, ইনকাম সাপোর্ট বা আয়-ভিত্তিক চাকুরী প্রার্থী ভাতার জন্য) পেশ করার পর, আমরা সাধারণভাবে সোমবার থেকে আপনার সুবিধা প্রদান শুরু করব।

কোন সন্দেহ থাকলে সরাসরি আপনার দাবী ফরম লোকাল কাউন্সিলে পাঠিয়ে দিন, এমন কি যদি সহায়ক কাগজপত্রের জন্য অপেক্ষা করেও থাকেন (আপনার দাবীর ব্যাপারে ব্যবস্থা নিতে যা প্রয়োজন যেমন ব্যাংক স্টেটমেন্ট, ভাড়ার প্রমাণ, বা বেতনের ওয়েজ স্লিপ), না হলে আপনি বেনিফিট হারাতে পারেন। আপনি যদি সে সময় ইনকাম রিলেটেড এম্প্লয়মেন্ট এন্ড সাপোর্ট এলাওয়েন্স, ইনকাম সাপোর্ট বা আয়-ভিত্তিক চাকুরী প্রার্থী ভাতার ব্যাপারে উত্তর পাওয়ার জন্য অপেক্ষায় থাকেন, তথাপি লোকাল কাউন্সিলকে আপনার দাবী ফরম প্রেরণ করা উচিত।

কতদিন আমার সুবিধা প্রাপ্তি বজায় থাকবে?

যতক্ষণ না পর্যন্ত আপনি সুবিধা প্রাপ্তির অনুপযুক্ত হন বা আপনার অবস্থাগত পরিবর্তন হয় ততক্ষণ পর্যন্ত আপনার সুবিধা বজায় থাকবে। যখন এটা হবে, তখন আপনার সুবিধা প্রাপ্তির যোগ্যতা পুনরায় নির্ধারণ করব।

আমার অবস্থাগত পরিবর্তন হলে আমি কি করব?

যদি কোন সময়ে আপনার অবস্থাগত পরিবর্তন হয় তাহলে আপনার লোকাল কাউিন্সিলকে সরাসরি লিখিতভাবে জানান। আপনি যদি ইনকাম রিলেটেড এম্প্লয়মেন্ট এন্ড সাপোর্ট এলাওয়েন্স, ইনকাম সাপোর্ট বা আয়-ভিত্তিক চাকুরী প্রার্থী ভাতার জন্য প্রাপ্ত হন, আপনি অবশ্যই ডিপার্টমেন্ট ফর ওয়ার্ক এ্যান্ড পেনশনকেও সেটা জানাবেন।

অবস্থাগত পরিবর্তনের নমুনা উদাহরণ নিম্নরূপঃ

- আপনি ঠিকানা পরিবর্তন করেছেন,
- আপনার বাড়ী ভাড়ার পরিবর্তন হয়েছে,
- আপনার সাথে বসবাসকারী লোকের সংখ্যা পরিবর্তন হয়েছে,
- আপনার বাড়ীর কোন সদস্যের আয়ের পরিবর্তন হয়েছে,
- আপনার ইনকাম রিলেটেড এম্প্লয়মেন্ট এন্ড সাপোর্ট এলাওয়েন্স, ইনকাম সাপোর্ট বা আয়-ভিত্তিক চাকুরী প্রার্থী ভাতা যদি বন্ধ হয়ে যায়; অথবা
- আপনার আয় বা সঞ্চয় বেড়েছে বা কমেছে।

আপনার অবস্থাগত পরিবর্তন সম্পর্কে আপনার লোকাল কাউন্সিলকে জানাতে কোনরকম বিলম্ব হলে গৃহায়ন বা কাউন্সিল ট্যাক্স সুবিধা প্রদান অতিরিক্ত হতে পারে, যা আপনাকে ফেরত দিতে হবে (এ বিষয়ে আরো তথ্যের জন্য আমাদের ওয়েব সাইট www.benefit-leaflets.org -এ দেয়া "**হাউজিং বেনিফিট এ্যান্ড কাউন্সিল ট্যাক্স বেনিফিট- এ গাইড টু ওভারপেমেন্টস এ্যান্ড ডেট**" লিফলেট পড়ুন।

আমাকে প্রদত্ত আর্থিক সুবিধার সাথে আমি যদি একমত না হই?

আপনার সুবিধা নির্ধারণ কিভাবে আমরা করি তার ব্যাখ্যা যদি আপনি জানতে চান তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন। সিদ্ধান্ত পত্রের তারিখের এক মাসের মধ্যে আপনাকে যোগাযোগ করতে হবে। আমরা আমাদের সিদ্ধান্তের ব্যাখ্যা যত তাড়াতাড়ি সম্ভব আপনাকে পাঠাব।

আপনি যদি আপনাকে প্রদত্ত আর্থিক সুবিধার সাথে একমত না হন তাহলে সিদ্ধান্ত পত্রের একমাসের মধ্যে আমাদের সিদ্ধান্ত পুনরায় পরীক্ষা করার জন্য আপনার লোকাল কাউন্সিলের নিকট লিখিতভাবে জানাতে হবে।

আপনি যদি ইতোমধ্যেই আমাদের নিকট ব্যাখ্যা চেয়ে থাকেন, তাহলে সিদ্ধান্তের তারিখ হতে একমাস সে সাথে আপনার নিকট ব্যাখ্যা পাঠানোর জন্য আমাদের প্রয়োজনীয় সময় পর্যন্ত আপনি সময় পাবেন। আপনি যদি এর চেয়ে বেশী বিলম্ব করেন, তাহলে সাধারণতঃ আপনার লোকাল কাউন্সিলে লেখার তারিখ থেকে শুধুমাত্র আমরা আমাদের সিদ্ধান্ত পরিবর্তন করব।

আপনি কোন স্বাধীন নিরপেক্ষ ট্রাইব্যুনালের (বিচারালয়) নিকট আপিল করতে পারেন। এজন্য আপনার লোকাল কাউন্সিলের কাছে ফরম চাইতে পারেন (এ বিষয়ে আরো তথ্যের জন্য আমাদের ওয়েব সাইট www.benefit-leaflets.org -এ দেয়া '**হোয়াট টু ডু ইফ ইউ থিংক দি ডিসিশন এবাউট ইয়োর হাউজিং বেনিফিট অর কাউন্সিল ট্যাক্স বেনিফিট ইজ রং**' লিফলেট)। পড়ুন।

আমি কোথায় আরও পরামর্শ পেতে পারি?

আপনি যদি আরও সহায়তা বা পরামর্শ পেতে চান, তাহলে আপনার লোকাল কাউন্সিলের সাথে যোগাযোগ করুন (আপনার কাউন্সিল ট্যাক্স বিলে আপনার লোকাল কাউন্সিলের নাম পাবেন)।

এইচএম রেভেনিউ এ্যান্ড কাস্টমস

- টেলিফোনের মাধ্যমে
- www.hmrc.gov.uk ওয়েব সাইট ভিজিট করে

নিরপেক্ষ পরামর্শ

আপনি যদি নিরপেক্ষ পরামর্শ পেতে চান তাহলে আপনার লোকাল সিটিজেন্স এ্যাডভাইস ব্যুরোর সাথে যোগাযোগ করুন। ফোন বুকে, আপনার লোকাল লাইব্রেরীতে বা আপনার লোকাল কাউন্সিলের সাথে যোগাযোগ করে তাদের ফোন নাম্বার এবং অন্যান্য স্থানীয় পরামর্শ সংস্থাগুলোর সন্ধান পেতে পারেন।

অন্যান্য ফরমাট (পদ্ধতি) সমূহ

এই বুকলেটের তথ্যগুলো আপনি বড় ছাপা, ব্রেইল, অডিও মাধ্যমে এবং অন্যান্য ভাষায় পেতে পারেন। তারো তথ্য জানার জন্য আমাদের ওয়েব সাইট www.benefit-leaflets.org দেখুন।

এ লিফলেট তৈরী করেছেন ন্যাশনাল লিফলেট প্রজেক্ট।
আরো তথ্যের জন্য www.benefit-leaflets.org এ ওয়েবসাইট দেখুন।